গাংনীতে অপহরণের ৩০ ঘন্টা পর উদ্ধার, আটক-৩

মেহেরপুরের গাংনীতে অপহরণের ৩০ ঘন্টা পর অপহৃত উজ্জল হোসেনকে উদ্ধার করেছে পুলিশ।
বৃহস্পতিবার দিবাগত মধ্যে রাতে উপজেলার তেরাইল এলাকা থেকে তাকে উদ্ধার করা হয়। এ ঘটনায় অপহৃতের পিতা বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

উজ্জল হোসেন তেঁতুলবাড়িয়া পশ্চিমপাড়া মাফিজুর রহমানের ছেলে। অপহরণের সাথে জড়িত সন্দেহে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী বাজারের স্বর্ণ ব্যবসায়ী বিনয়,বিকাশ ব্যবসায়ী থানাপাড়ার সাফায়েত ও মেহেরপুর সদর উপজেলার ষোলমারী গ্রামের খালেদকে আটক করেছে পুলিশ। এছাড়া উজ্জল হোসেনকেও জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ হেফাজতে রাখা হয়েছে।

উজ্জলের পিতা মাফিজুর রহমান জানান, বুধবার সন্ধ্যায় ৭ টায় বাড়ির পার্শে থেকে উজ্জলকে মটরসাইকেল যোগে তুলে নিয়ে যায়। সে বাড়িতে ফিরে না আসায় বিভিন্ন স্থানে সন্ধান করেও পাওয়া যায়নি। পরে রাত ৯ টার সময় ০১৭০৩-২৪৫১২৬ নং মোবাইল থেকে হাফিজ পরিচয় দিয়ে আমার প্রতিবেশি নাজিম উদ্দীনের ব্যবহৃত মোবাইল ফোনে আমার সাথে কথা বলে। হাফিজ ভারতীয় ভুখন্ডে রয়েছে দাবি করে জানায় তার ছেলে উজ্জলকে অপহরণ করেছে তারা এবং অপহৃত উজ্জল তাদের কাছে জিম্মি রয়েছে। ১ লাখ ৮০ হাজার টাকা দিলে তাকে ছেড়ে দেয়া হবে তা না হলে হত্যার হুমকি দেন। পরে মুক্তিপণ হিসেবে ১ লাখ ২০ হাজার টাকা দিতে চাইলে বিকাশ নম্বর দেন। (বিকাশের শেষ তিন ৪২০ অক্ষর) পরে বিষয়টি পুলিশকে জানায়।

গাংনী থানার এস আই নুরুল ইসলাম নুর বলেন, বিকাশ নম্বর যাচাই বাছাই শেষে এ ঘটনার সাথে জড়িত সন্দেহে বিকাশ ব্যবসায়ী থানাপাড়ার সাফায়েতকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়। পরে তার স্বীকারোক্তি অনুযায়ী গাংনী বাজারের স্বর্ণ ব্যবসায়ী বিনয় ও তার সহযোগি মেহেরপুর সদর উপজেলার ষোলমারী গ্রামের খালেদকে আটক করে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী জানান, ঘটনাটি মাদক

ব্যবসা সংক্রান্ত ঘটনা বলে প্রাথমিক অবস্থায় ধারনা করা হচ্ছে। তবে ঘটনাটি তদন্ত শেষ না হওয়া পর্যন্ত নিশ্চিত করে কিছু বলা সম্ভব হচ্ছেনা।

স্থানীয় একটি সূত্রে জানান গেছে,উজ্জল হোসেনের সাথে এই চক্রটির মাদক কিংবা স্বর্ণের ১ লাখ ৮০ হাজার টাকা লেনদেন রয়েছে। লেনদেনের টাকা পরিশোধ না করার কারনে তাকে তুলে নেয়া হয়েছে।

অপর একটি সূত্রে জানা গেছে,উজ্জল হোসেনের বাড়ি সীমান্তের কাছে হওয়ায় এই চক্রটির সাথে চুক্তিভিত্তিক মাদক বহন করেন সে। মাদক পাচারের সময় টহলরত বিজিবির সদস্যদের দেখতে পেয়ে ফেন্সিডিল ফেলে পালিয়ে যায় উজ্জল হোসেন। পরে বিজিবি ফেলে যাওয়া ফেন্সিডিল গুলো উদ্ধার করে। উজ্জল নিজ থেকে ফেন্সিডিল গুলো বিজিবি’র কাছে ধরিয়ে দিয়েছে মর্মে ১ লাখ ৮০ হাজার টাকা ক্ষতিপূরন চাইতেই তাকে মটরসাইকেল যোগে তুলে নেয়া হয়।

তেঁতুলবাড়িয়া বিজিবি ক্যাম্পের ইনচার্জ মহিউদ্দীন জানান, উজ্জলের মা বিজিবিকে জানিয়েছে কে বা কারা বাড়ি থেকে ডেকে নিয়ে গিছে। পরে শুনতে পেয়েছি উজ্জল অপহরন হওয়ার পর উদ্ধার হয়েছে। তিনি আরো জানান, সীমান্তে বিজিবি নিয়মিত টহল টিম রয়েছে। যারা বিভিন্ন সময়ে ফেন্সিডিল সহ মাদক উদ্ধার করে।

আমঝুপিতে চেয়ারম্যান প্রার্থী আসিফ আজিমের সমর্থকদের মোটর সাইকেল র্যালি

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন কে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন চেয়ারম্যান পদপ্রার্থী আসিফ আজিমের পক্ষে গণসংযোগের অংশ হিসেবে মোটরসাইকেল র্যালী করেছে সমর্থকরা।

বুধবার বিকালে ১০০ মোটর সাইকেল যোগে আমঝুপির মোড় থেকে শুরু করে আমঝুপির বিভিন্ন ইউনিয়ন ও গ্রামে আসিফ আজিমের পক্ষে গণসংযোগ

করেন তাঁর সমর্থকরা ।

এসময় আমঝুপি ৭ নং ওয়াড ইউপি সদস্য আলফাজ হোসেন বলেন, বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং আমঝুপি ইউনিয়ন পরিষদের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আসিফ আজিম কে চেয়ারম্যান হিসেবে দেখতে চাচ্ছি এবং নির্বাচনী মাঠে ব্যাপক সাড়া পাচ্ছি। আমরা আশা করছি এবারের নির্বাচনে ভোটাররা আসিফ আজিমকে অবশ্যই মুল্যায়ন করবেন।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা সাদ আহম্মেদ ,মারফত আলী, আব্দুর রশীদ,আব্দুল খলিল,আবু সাইম, আলী হোসেন, শলিম, শফি, মিন্টু, নাশির,আক্কাস, আবু সাইদ সহ গ্রাম বাসীরা।

মেহেরপুরে ইত্তেফাক’র প্রতিষ্ঠাবার্ষিকী পালন

স্বাধীকার থেকে স্বাধীনতাসহ বাংলাদেশের ইতিহাসে যতগুলি আন্দোলন হয়েছে ততগুলি আন্দোলনে একমাত্র মুখপত্র হিসেবে কাজ করেছে দৈনিক ইত্তেফাক। ইতিহাস ঐতিহ্যর ধারক হিসেবে ইত্তেফাক গণমাধ্যমের এক শক্তিশালি হাতিয়ার। দেশের পক্ষে, মানুষের পক্ষে, মানবতার পক্ষে সংবাদ প্রকাশ করতে গিয়ে ইত্তেফাককে অনেক কন্টকময় পথও অতিক্রম করতে হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর থিয়েটার হলে অনুষ্ঠিত ইত্তেফাক এর ৬৮ তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানের অতিথিরা এসব কথা বলেন।

ইত্তেফাকের মেহেরপুর জেলা প্রতিনিধি ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সভাপতিত্বে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক শফিউল ইসলাম সরদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের

সহযোগী অধ্যাপক ও লোক গবেষক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন।

সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, ইত্তেফাকের গাংনী উপজেলা প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের প্রভাষক আজাদ আলী, মহাজনপুর মহাবিদ্যালয়ের প্রভাষক ও সাংস্কৃতিক কর্মী শামীম জাহাঙ্গীর সেন্টু, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য জাকির হোসেন খান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ।

আলোচনা শেষে ইত্তেফাক’র ৬৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

মেহেরপুরে যুব প্রজন্মলীগের বিরুদ্ধে জেলা তাঁতীলীগের সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা তাঁতীলীগের বিরুদ্ধে যুব প্রজন্মলীগের সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক কুটউক্তি করায় সংবাদ সম্মেলন করেছে জেলা তাঁতীলীগ। বুধবার সন্ধায় জেলা তাঁতীলীগের কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন মেহেরপুর জেলা তাঁতীলীগের সদস্য সচিব জুয়েল রানা। এ সময় তিনি বলেন, গত সোমবার মুজিবনগর উপজেলা যুব প্রজন্মলীগের কমিটি ঘোষনা করার সময় জেলা কমিটির সাধারণ সম্পাদক জাহিদ হাসান ও সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম জেলা তাঁতীলীগের বিরুদ্ধে বিভিন্ন অশালিন বক্তব্য দেন।

এতে জেলা তাঁতীলীগের ভাবমূর্তি ক্ষুন্ন করার চেষ্টা করেছে। আমরা জেলা তাঁতীলীগের পক্ষ থেকে এ ধরনের ঘটনার তিব্র দিন্দা জানাচ্ছি।

সেই সাথে জেলা আওয়ামীলীগ ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে করে এই ধরনের ঘটনা না ঘটে, সেই ব্যবস্থা করবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, তাঁতীলীগ নেতা টিটন সহ তাঁতীলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দু’টি ফিলিং স্টেশনে অভিযান চালিয়ে দশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভুমি) মোহাম্মদ নুর-ই আলম সিদ্দিকী।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানাগেছে, গাংনী উপজেলার পশ্চিম মালশাদাহ এলাকার মেসার্স হোসেন ফিলিং স্টেশনের ম্যানেজার রিপন আলীকে ৫ হাজার টাকা ও গোপাল নগর গ্রামের হানিফ ফিলিং স্টেশনের ম্যানেজার আবুল কালামকে ৫ হাজার টাকা করে জরিমানা করা হয়।

জ্বালানী তৈল পরিমাপে কম দেয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় ওজন পরিমাপ আইন ২০১৮ অনুযায়ী তাদের জরিমানা আদায় করা হয়েছে। বিএসটিআই খুলনা আঞ্চলিক পরিদর্শক রঞ্জিত কুমার মল্লিক, গাংনী থানা পুলিশের একটি টিম এসময় উপস্থিত ছিলেন।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় মুজিবনগর আওয়ামী লীগের আনন্দ মিছিল

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে আনন্দ মিছিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার চাররাস্তার মোড় থেকে এ মিছিলটি বের করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মিছিলটি শড়রের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বল্লভপুর মোড় থেকে মানিকনগর গ্রামের মধ্যে দিয়ে পুনরায় কেদারগঞ্জ বাজার প্রাঙ্গনে এসে শেষ হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য তোতা, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপাগাইন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোস্তফা, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, উপজেলা শ্রমীক লীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগ, সহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

পরে রয়েল কাউন্টারের সামনে এক সমাবেশের আয়োজন করা হয়।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় কাউন্সিলর হলেন কুষ্টিয়ার শাহিন

কুষ্টিয়ার পৌর নির্বাচনে ১৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন শাহিন উদ্দিন। তিনি এর আগে একই ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর ছিলেন।

বুধবার দুপুর ১২টার দিকে জেলা সিনিয়র নির্বাচন কর্মকর্তা আনিচুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

সিনিয়র নির্বাচন কর্মকর্তা জানান, পৌর নির্বাচনে ১৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর পদে যেহেতু শুধুমাত্র একজন বৈধ প্রার্থী আছেন, তাই তাকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কাউন্সিলর হিসাবে মনোনীত করা হয়েছে। ফলে ওই ওয়ার্ডে কাউন্সিলর পদে ভোটগ্রহণ হবে না। তবে অন্য পদে যথারীতি ভোট অনুষ্ঠিত হবে।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত কাউন্সিলর শাহিন উদ্দিন জানান, কাউন্সিলর হিসেবে আমার নির্বাচনি এলাকার মানুষের পাশে দাঁড়াতে আমি সর্বোচ্চ চেষ্টা করেছি।

এলাকার উন্নয়নের ধারা অব্যহত রাখতে আবারও আমি কাউন্সিলর পদে মনোনয়নপত্র জমা দিয়েছিলাম। একই ওয়ার্ড থেকে আরও দুইজন কাউন্সিলর পদে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। তবে তারা প্রত্যাহার করে নিয়েছেন।

উল্লেখ্য, কুষ্টিয়া পৌরসভার ১৫০ বছরের ইতিহাসে এই প্রথম কোনো কাউন্সিলর বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হলেন।

কুষ্টিয়া পৌরসভার বিনাপ্রতিদ্বন্ধীতায় কাউন্সিলর নির্বাচিত হওয়ায় বুধবার সকালে সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর

আওয়ামীলীগের সাধারন সম্পাদক আতাউর রহমান আতাকে ফুলেল শুভেচ্ছা জানান নবনির্বাচিত কাউন্সিলর শাহিন উদ্দিন।

শৈলকুপায় আগুনে পুড়ল মুদি দোকান

ঝিনাইদহের শৈলকুপার গোসাইডাঙ্গা গ্রামে ফ্রিজের সর্টসার্কিট থেকে আগুন লেগে একটি মুদি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। এতে নগদ টাকা ও মালামালসহ প্রায় ৩০ লাখ টাকার সম্পদ পুড়ে ছাই হয়ে গেছে।

মঙ্গলবার গভীর রাতে এই আগুন লাগে বলে প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে।

ক্ষতিগ্রস্থ দোকানি সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙ্গা গ্রামের শাখামত শেখের ছেলে সবুজ হোসেন জানান, মুদি দোকানটি ছিল কাতলাগাড়ী পুরাতন বাজারে। প্রতিদিনের ন্যায় মঙ্গলবার রাত ৯টার দিকে দোকান বন্ধ করে তিনি বাড়ি চলে যান। রাত আনুমানিক সাড়ে ১২টার দিকে বাজার পাহারাদার দোকানে আগুন জ্বলতে দেখে তাকে খবর দেয়।

শৈলকুপা ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সহযোগিতায় ঘন্টাব্যাপী চেষ্টার পরে আগুন নিয়ন্ত্রণে আনলেও ততক্ষণে দোকান ঘরসহ সকল মালামাল পুড়ে যায়।

তিনি আরো জানান, শৈলকুপা ব্রাক ব্যাংক থেকে ১৩ লাখ ও বিভিন্ন এনজিও সংস্থা থেকে ঋণ নিয়ে ব্যবসা করছিলেন। বিশাল ঋণের বোঝা এখন তার মাথায়। আগুনে সব পুড়ে এখন তিনি পথে বসে গেছে।

মিরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

কুষ্টিয়ার মিরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

সমাজসেবা অধিদপ্তরের সহযোগিতায় বুধবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে এসব হুইল চেয়ার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব বিতরণ করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফীন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নূরুল ইসলাম নান্নু প্রমুখ।

মিরপুর উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী জানান, উপজেলা সমাজসেবা অধিদপ্তরের সহযোগীতায় মোট ১৭টি হুইলচেয়ার চলাচলে অক্ষম ও প্রতীবন্ধীদের মাঝে বিতরণ করা হয়।

এর আগে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ৯টি এবং আজকে ৮টি হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্দ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কুষ্টিয়া জেলা ইউনিটের উদ্দ্যোগে অসহায় হত দরিদ্র, শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।